ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

টেলিফোন : ০২৩৩৪৪-৬২৩০০,৭৪৭০৭
ওয়েব : pbs.feni.gov.bd
ই-মেইল : fenipbs84@gmail.com

স্মারক নং- ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২৪. ৬৮-৪৭

তারিখঃ ২৭ কার্তিক' ১৪৩১ বঙ্গাব্দ।
১২ নভেম্বর' ২০২৪ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে **http://pbsfeni.teletalk.com.bd** ওয়েব সাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন/ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (১ বছর মেয়াদে চুক্তিভিত্তিক) | ৩২ (বত্রিশ) টি (কম/ বেশি হতে পারে) | **১৮/১১/২০২৪** খ্রিঃ তারিখে ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মূল বেতন ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা। এছাড়া নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (ক) **শিক্ষাগত যোগ্যতা-** প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করার দক্ষতা থাকতে হবে এবং হাতের লেখা সুন্দর হতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, উত্তম চরিত্রের এবং সুন্দর ও সুঠাম দেহের অধিকারীসহ ভাল ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) গ্রাম-গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে রিডিং গ্রহণ এবং বিল বিতরণের মানসিকতা থাকতে হবে এবং পবিস এর লক্ষ্য ও কর্মসূচী সম্পর্কে গ্রাহককে অবহিত করতে হবে।<br>(ঙ) বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।<br>(চ) চূড়ান্তভাবে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০/- টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | ফেনী জেলার স্থায়ী বাসিন্দাগণ। |

<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ</u>

০১। প্রার্থীর বয়স: ১৮/১১/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসাবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত এবং বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় বিভাগীয় ছাড়পত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ যোগ্য হবে না।

০৩। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে চ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ;
(ঙ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy) ও (Admit Card) ;
(চ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে **pbs.feni.gov.bd** এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের **http://pbsfeni.teletalk.com.bd** লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে sms এর মাধ্যমে জানানো হবে।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে।

০৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ/অসত্য/অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তীতে যে কোন সময় বিষয়টি ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করনসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/ফেনী পবিস কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০১ (এক) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক সম্পাদিত চুক্তির অবসান ঘটাতে পারবেন।

১১। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ (First Blood) অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্ত সম্পর্কীয় কেউ (First Blood) আবেদন করতে পারবেন না।

১২। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১৩। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

১৪। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক না হলে বা বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

১৮। **মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় পবিস এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর ফেরত প্রদান করা হবে।**

১৯। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা ফেনী পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২০। নিয়োগের ক্ষেত্রে সর্বশেষ সরকারী সার্কুলার অনুয়ায়ী কোটা অনুসরণ করা হবে।

২১। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২২। অন লাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ **http://pbsfeni.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১৮ নভেম্বর'২০২৪, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ১২ ডিসেম্বর'২০২৪, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান</u> : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (WebSite-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u>

PBSFENI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PBSFENI ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK- 112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type PBSFENI <space>Yes<space>PIN and Send to 16222 নম্বরে।

<u>দ্বিতীয় SMS:</u>

PBSFENI <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PBSFENI Yes 12345678

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for PBSFENI Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) পরীক্ষার সময় সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **<u>http://pbsfeni.teletalk.com.bd</u>** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

PBSFENI<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: PBSFENI Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

PBSFENI<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: PBSFENIHelp PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট http://pbs.feni.gov.bd <u>এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল</u> https://alljobs.teletalk.com.bd/ pbsfeni ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://pbs.feni.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা <u>alljobs.query@teletalk.com.bd</u> এবং <u>fenipbs84@gmail.com</u>ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ <u>https://www.facebook.com/alljobsbdteletalk</u>-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PBSFENI Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে

কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৩। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১১/১১/২৪
(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): (সদয় অবগতির জন্য)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
২) জেলা প্রশাসক/ পুলিশ সুপার, ফেনী।
৩) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাপবিবো, ঢাকা।
৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩/৪
৭) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ফেনী।
৯) ডিজিএম-সদর দপ্তর-কারিগরী/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/পরশুরাম/ফুলগাজী জোনাল অফিস ফেনী পবিস।
১০) এজিএম-প্রশাসন/(অর্থ-হিসাব/ রাজস্ব)/সদস্য সেবা/ ওএন্ডএম-রাজাপুর/কসকা/কাজিরহাট সাব জোনাল অফিস, ফেনী পবিস।
১১) এজিএম (আইটি), ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১২) নোটিশ বোর্ড, ফেনী পবিস।
১৩) অফিস/মাষ্টার কপি।

১১/১১/২৪
(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার